লিপি
কলকাতা, সোমবার, ১ মে, ২০১৭
Kolkata • Monday, May 1, 2017
Arthik lipi, Page 3

রাজ্য-রাজনীতিতে নতুন সমীকরণের ইঙ্গিত

কুণাল ঘোষের বাড়িতে সোমেন মিত্র, সঙ্গে লকেট

স্টাফ রিপোর্টার: হঠাৎই কুণাল ঘোষের বাড়িতে হাজির প্রদেশ কংগ্রেস নেতা সোমেন মিত্র। তাঁর সঙ্গে বিজেপি নেত্রী লকেট চট্টোপাধ্যায়। আর তৃণমূল কংগ্রেসের সাসপেন্ডেড রাজ্যসভার সাংসদের বাড়িতে সোমেন-লকেটের বৈঠক ঘিরেই শুরু জল্পনা।

তাহলে কী এবার সোমেন মিত্রের বিজেপিতে যোগদান শুধু সময়ের অপেক্ষা? রবিবাসরীয় বিকেলে কুণাল ঘোষের বাড়িতে চায়ে-পে চর্চার পর এই প্রশ্নই ঘোরাফেরা করছে রাজনৈতিক মহলে। যদিও সেরকম সম্ভাবনা উড়িয়ে দিয়েছেন খোদ সোমেন মিত্র। তাঁর বক্তব্য, নিছকই সৌজন্য সাক্ষাৎ। সোমেন মিত্রের কথায়, 'কুণাল ঘোষ চা খাওয়ার জন্য ডেকেছিলেন। তাই আসলাম।' প্রসঙ্গত, গত কয়েকদিন ধরে শোনা যাচ্ছিল, শীঘ্রই বিজেপিতে নাম লেখাতে চলেছেন সোমেন মিত্র। এমনকী বিজেপির সর্বভারতীয় সভাপতি অমিত শাহ যখন রাজ্য সফরে এসেছিলেন সেই সময় সোমেন মিত্র বিজেপিতে যোগদান করার কথাও শোনা যাচ্ছিল। যদিও সেটা হয়নি। কিন্তু রবিবার লকেট চট্টোপাধ্যায়-সায়ন্তন বসুকে নিয়ে প্রদেশ কংগ্রেস নেতার কুণাল ঘোষের বাড়িতে যাওয়া সেই জল্পনা উসকে দিয়েছে। সোমেন মিত্রের সঙ্গে সুর মিলিয়ে নিছক চায়ের আড্ডার কথা বললেও লকেটের গলায় অন্য ইঙ্গিতও মিলেছে। তাঁর কথায়,' চায়ের আড্ডা ছিল। তবে সবাই জানেন যে, আগামীতে রাজ্যে ক্ষমতায় আসছে বিজেপি।' লকেট আরও বলেন, 'এই মুহূর্তে তৃণমূলের একমাত্র বিকল্প যে বিজেপি তা সবাই জানেন।' তাহলে সেই কারণেই কী সোমেন মিত্র-কুণাল ঘোষরা লকেট চট্টোপাধ্যায়দের সঙ্গে বৈঠক করছেন? এই প্রশ্নের উত্তর বলবে ভবিষ্যৎই। তবে রবিবাসরীয় বিকেলে চায়ে-পে-চর্চার হাত ধরে রাজ্য রাজনীতিতে নতুন সমীকরণের ইঙ্গিত পাওয়া গিয়েছে বলেই মত রাজনৈতিক মহলের।

দুর্ঘটনাস্থল থেকে নমুনা সংগ্রহ ফরেন্সিক টিমের

অভিনেতা বিক্রম চট্টোপাধ্যায়ের অবস্থা স্থিতিশীল

স্টাফ রিপোর্টার: আপাতত স্থিতিশীল পথ দুর্ঘটনার শিকার অভিনেতা বিক্রম চট্টোপাধ্যায়। রাতে ভালই ঘুম হয়েছে অভিনেতার। তবে চোয়ালে ব্যথার কারণে খেতে অসুবিধা হচ্ছে। আগামী ৪৮ ঘন্টায় তাকে পর্যবেক্ষণে রাখা হবে বলে হাসপাতাল সূত্রে জানা গিয়েছে। এদিকে দুর্ঘটনাগ্রস্ত গাড়ি পরীক্ষা করে দেখে লালবাজারের এফএসটিপি ও ফরেন্সিক দলের পাঁচ সদস্য। থানা থেকে প্রথমে নথি সংগ্রহ করেন তারা। তারপর থানার বাইরে রাখা দুর্ঘটনাগ্রস্ত গাড়িটি ভাল করে নিরীক্ষণ করেন। দুর্ঘটনার পর গাড়ির এয়ারব্যাগ খুলেছিল কি না, না খুললে কেনই বা খুলল না, গাড়ির কোনও যান্ত্রিক ত্রুটি ছিল কিনা সেই বিষয়গুলি বুঝতেই এই পরীক্ষা। প্রায় আধ ঘন্টা ধরে গাড়ি পরীক্ষা করা হয়। তার ভিডিওগ্রাফিও করা হয়। শুধু গাড়ি পরীক্ষা করাই নয়, দুর্ঘটনাস্থল থেকে নমুনাও সংগ্রহ করা হয়। গাড়িটি পরীক্ষা করার পরেই ফরেন্সিক দল যায় দুর্ঘটনাস্থলে। সেখানে গিয়ে নমুনা সংগ্রহ করা হয়। কীভাবে দুর্ঘটনা ঘটেছে সেটাও বোঝার চেষ্টা করে ফরেন্সিক দল। তার জন্য স্থানীয়দের সঙ্গেও কথা বলেন তদন্তকারীরা। ঘটনাস্থলে কোনও সিসিটিভি আছে কি না, তাও দেখেন তারা। শনিবার ভোররাতে লেক মার্কেটের কাছে দুর্ঘটনার কবলে পড়ে ক্রিমের গাড়ি। দুর্ঘটনায় মৃত্যু হয় তাঁর সহযাত্রী মডেল সোনিকা সিং চৌহানের। গুরুতর আহত অবস্থায় একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয় বিক্রম চট্টোপাধ্যায়কে। তদন্তকারীদের। যে গাড়িটি দুর্ঘটনার কবলে পড়ে সেই গাড়ি চালাচ্ছিলেন অভিনেতা নিজে। মদ্যপ অবস্থায় তিনি গাড়ি চালাচ্ছিলেন কি না তাও নজরে রয়েছে তদন্তকারীদের। দরকার হলে অভিনেতা বিক্রম চট্টোপাধ্যায়ের বয়ান নেওয়া হতে পারে বলেও পুলিশ সূত্রে খবর।

রবিবার দুর্ঘটনাগ্রস্ত এই গাড়ি পরীক্ষা করে ফরেন্সিক দল।

কীভাবে দুর্ঘটনা ঘটল সেই নিয়ে যখন তদন্ত চলছে সেই সময়ই ই এম বাইপাসের ধারে একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন আহত অভিনেতা। হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, অভিনেতার এমআরআই হয়েছে। তাতে দেখা গিয়েছে, তাঁর মেরুদণ্ডের সামান্য সমস্যা আছে। তার জন্য আহত অভিনেতার বিশ্রাম প্রয়োজন রয়েছে। কানেও চোট লেগেছে বিক্রমের। চোয়ালেও গুরুতর চোট। চোয়ালে ব্যথা থাকায় ঠিকমতো খেতে পারছেন না তিনি। তবে শারীরিক অবস্থার কিছুটা উন্নতি হলেও যথেষ্ট টুমায় রয়েছেন বিক্রম। তাঁর বাবা বিজয় চট্টোপাধ্যায় জানিয়েছেন, 'শারীরিক অবস্থা ঠিক হলে তবেই আমরা তাঁর মানসিক অবস্থা সম্পর্কে জানতে পারব। এখনও অসংলগ্ন কথা বলছে। মেয়েটি যে মারা গিয়েছে তাও জানে না। কানে চোট লেগেছে।' দুর্ঘটনায় মডেল সোনিকা সিং চৌহানের মৃত্যুতে শোকস্তব্ধ বিক্রমের বাবা। তাঁর কথায়, 'দুর্ঘটনায় একটি মেয়ের মৃত্যু হয়েছে। আমার খুব খারাপ লাগছে। খুব শীঘ্রই মেয়েটির দুর্ঘটনার সময় এয়ারব্যাগ না খোলায় সংশ্লিষ্ট গাড়ি প্রস্তুতকারক সংস্থার বিরুদ্ধে মামলা করারও চিন্তাভাবনা রয়েছে বিজয় চট্টোপাধ্যায়ের।

টালিগঞ্জ দীপক সংঘের উদ্যোগে আয়োজিত রক্তদান শিবিরে রাজ্যের বিদ্যুৎমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়।

সরকারিভাবে জমি প্রাপকদের কাছে বাড়ি না করার কারণ জানতে নোটিশ দেবে হিডকো

স্টাফ রিপোর্টার: নিউটাউনে বাম আমলে অনেক জমি অধিগ্রহণ করা হয়েছিল। পরে সেই সব জমি বহু মানুষের মধ্যে বিলি করা হয়েছিল যাতে তারা থাকার জন্য বাড়ি তৈরি করতে পারে। কিন্তু পাঁচ বছরেরও বেশি সময় পার হয়ে যাওয়ার পরেই সেই জমিতে কোনও বাড়ি তৈরি না হওয়ায় নিউটাউন জুড়ে জনসংকট বৃদ্ধি পেয়েছে। সেই কারণে সেই সব জমি প্রাপকদের কাছে এবার নোটিস দেওয়ার কাজ শুরু করেছে হিডকো। জানা গিয়েছে, অ্যাকশন এরিয়া ১-এ যে সব জমি বিলি করার পরেও সেখানে বাড়ি তৈরি করা হয়নি সেই সব জমির মালিকদের কাছে এবার হিডকোর পক্ষ থেকে চিঠি দিয়ে জানতে চাওয়া হবে যে কেন তাদেরকে আইনি নোটিস করে জমি ফিরিয়ে নেবে না রাজ্য সরকার। প্রসঙ্গত, এর আগে বিধাননগরে পরে থাকা জমি সরকার অধিগ্রহণ করেছিল। জমিতে সরকারি বোর্ড ঝুলিয়ে দিয়ে সেই জমির মালিকানা সরকার নিয়ে নিয়েছিল। কারণ সরকার যখন কোনও জমি বসতি বা শিল্পের জন্য বিলি করে সেক্ষেত্রে নির্দিষ্ট সময়ের মধ্যে জমিতে বাড়ি বা শিল্প গড়ে তোলার কাজ শুরু করতে হয়। এক্ষেত্রে তা না হওয়ার কারণে এবার এই বড় ধরনের পদক্ষেপ নিতে বাধ্য হতে হচ্ছে হিডকোকে বলেই দাবি করা হয়েছে। এই বিষয়ে হিডকোর চেয়ারম্যান দেবাশিস সেন জানিয়েছেন, 'আমরা জমির মালিকের কাছে নোটিস দিয়ে জানতে চাইব কেন তারা বাড়ি তৈরির কাজ শুরু করেননি। যদি যুক্তিসঙ্গত কারণ দেখিয়ে তারা নিজেদের দখলে রাখতে পারে তাহলে তাদের আরও কিছুটা সময় দেওয়া হবে।' এদিকে জানা গিয়েছে, নিউটাউন এলাকায় অ্যাকশন এরিয়া ১-এ চার হাজার প্লট বিলি করা হয়েছিল মানুষের কাছে। যার মধ্যে অধিকাংশ জায়গাতেই মানুষ তাদের বাড়ি করেন। ৪০ শতাংশ জমিতে বাড়ি তৈরি করা হলেও বাকি জমি এখনও ফাঁকাই পড়ে রয়েছে। এদিকে বর্তমান সরকারের উদ্যোগে নিউটাউনে কিছু প্লটে ফের একবার মানুষের বসতি গড়ে তোলার জন্য বিলি ব্যবস্থা করা হয়েছে। কিন্তু তা সত্ত্বেও এই অ্যাকশন এরিয়া ১-এ'র বাসিন্দার সংখ্যা ৩০ হাজার ছাড়াতে পারেনি। সেই কারণে এই জায়গায় নতুন করে কোনও পুরসভা বা পুরনিগম গড়ে পরিষেবা দেওয়ার কাজ শুরু করতে পারছে না রাজ্য। অথচ গণতান্ত্রিক দেশের একটা বড় অংশ হিসেবে এই ধরনের সার্বভৌমত্ব বজায় রাখার বিষয়টি সংবিধানে বর্ণিত আছে। সেই কারণে নিউটাউনের জমির মালিকদের কাছে হিডকো বারবার আবেদন করেছে যাতে তারা নিজেদের বাড়ি তৈরির কাজ শুরু করেন।

গত বছরের আগস্ট মাসে রাজ্যের পুরমন্ত্রী ফিরহাদ হাকিম নজরুল তীর্থে জমির মালিকদের কাছে আবেদন করেছিলেন যাতে তারা ওই এলাকাতে নিজের বাড়ির কাজ শুরু করেন। কিন্তু ৮ মাস পার হয়ে গেলেও মাত্র ৯০ জন তাদের বাড়ির জন্য প্ল্যান জমা দিয়েছেন। এদিকে অ্যাকশন এরিয়া ১-এ' প্রায় আড়াই হাজার প্লট বিলি করা হয়ে গেলেও সেখানে বাড়ি করা হয়নি। এই সমস্যা থেকে মুক্তি পেতেই এবার সরকারিভাবে বিলি করা জমি ফিরিয়ে নেওয়ার পথেই হাঁটতে চলেছে হিডকো কর্তৃপক্ষ।

ছোটদের মনোরঞ্জনে গোয়েন্দাগিরি 'গাট্টু-বাট্টু'র

স্টাফরিপোর্টার: বিশ্রামপুরভারতের একটি ছোট মফস্বল শহর। কিন্তু শেরসিংহনামের একপাজি লোকের অত্যাচারে এবং নিত্য নতুন ফন্দি ফিকিরে অতিষ্ঠ সেখানকার মানুষ।

এবার সেই শের সিংহ'কে শায়েস্তা করতেই আসছে দুই বন্ধু গাট্টু আর বাট্টু। ছোটদের মনোরঞ্জনে অ্যানিমেশনের মোড়কে আজ থেকে ছোট পর্দায় শুরু হতে চলেছে এক ভিন্ন স্বাদের কার্টুন সিরিজ 'গাট্টু বাট্টু।' ১ মে থেকে প্রতি সোম থেকে শুক্র সন্ধে ৭টায় একটি সর্বভারতীয় জনপ্রিয় কার্টুন চ্যানেলে দেখা যাবে নতুন এই টিভি শো। চ্যানেলটির প্রোগ্রামিং হেড অনু সিক্কা জানিয়েছেন, আদ্যন্ত ভারতীয় আদলে তৈরি করা হয়েছে নয়া এই অনুষ্ঠানের চরিত্র এবং ঘটনাগুলিকে। তাঁর কথায় ছোটরা রহস্য-রোমাঞ্চভালোবাসে।এইকথা মাথায় রেখেই পরিকল্পনা করা হয়েছে নয়া এই টিভি সিরিজের। এখানে গাট্টুএবং তার বন্ধু বাট্টু নামে দুই প্রধান চরিত্রকে দেখা যাবে উপস্থিতবুদ্ধিএবংসাহসেরউপরভর করে নানা সব জটিল ধাঁধার ও ঘটনার সমাধান করতে এবং ভিলেনদের নানা কুটবুদ্ধি ও চাল ভেস্তে দিতে। এর আগে এই চ্যানেলটিতেইপ্রদর্শিত'মটু-পাতলু', 'পাকড়াম পাকড়ি', 'শিবা'র মতো কার্টুন গুলি বেশ জনপ্রিয় হয়েছে। চ্যানেল কর্তৃপক্ষের আশা, এবার ছোটদের জন্য তাদের নয়া উপহার 'গাট্টু-বাট্টু'ও খুদেদের মনেধরবে।

নিউটাউনে এবার বিদেশি লগ্নি টানতে ইকোপার্ককে বিশ্বের দরবারে তুলে ধরার প্রয়াস

স্টাফ রিপোর্টার: রাজ্য সরকার তার উন্নয়নের কর্মযজ্ঞকে সারা বিশ্বের সামনে শোকেস হিসেবে তুলে ধরার জন্য নিউ টাউনকেই বেছে নিয়েছে। কারণ এই রাজ্যে যখনই কোনও বিদেশি পুঁজিপতিরা আসেন তারা বিমানবন্দর থেকে নিউটাউন হয়ে মূল কলকাতায় প্রবেশ করেন। তাই রাজ্যের উন্নয়নের যে ছোঁয়া গোটা নিউটাউনের ছত্রে ছত্রে ছড়িয়ে দেওয়া হয়েছে তাতে সেই সব লগ্নিকারীদের চোখে পড়ার মতো। এই নিয়ে রাজ্য সরকার এমনিতেই সবকটি দফতরকে তাদের নিজেদের কাজের মাধ্যমে এমনভাবে তুলে ধরার আবেদন করা হয়েছে যাতে বিদেশি লগ্নি আসতে অসুবিধা না হয়। সেই কথাকেই মাথায় রেখে এবার হিডকো তাদের ইকোপার্ককে সারা বিশ্বের দরবারে তুলে ধরার একটি প্রয়াস করে দিল। কারণ নিউজিল্যান্ডের একটি বেসরকারি সংস্থা তাদের ওয়েবসাইটে সারা বিশ্বের সব কয়টি পার্কের কাছে আবেদন করেছে যাতে তারা

ওয়ার্ল্ড পার্ক উইক পালন করে তার সম্বন্ধে বিস্তারিত জানায় ওই সংস্থাকে। জানা গিয়েছে, সেখানে আমেরিকার সেন্ট্রাল পার্ক থেকে শুরু করে লন্ডনের বিশ্বখ্যাত পার্কগুলিও অংশগ্রহণ করছে। তাদের সঙ্গেই কলকাতার নিউটাউনের ইকো পার্ক নিজেদের নাম নথিভুক্ত করেছে। সেই কারণে চলতি মাসের ২৯ এপ্রিল থেকে শুরু করে আগামী মাসের ৭ মে পর্যন্ত ইকোপার্কে আয়োজন করা হয়েছে নানান ধরনের প্রতিযোগিতা। যেখানে বসে আঁকো প্রতিযোগিতা থেকে শুরু করে সাইকেল রেসেরও ব্যবস্থা করা হয়েছে। ৭ মে ওই প্রতিযোগিতায় অংশ গ্রহণকারীদের পুরস্কৃত করা হবে বলেও জানা গিয়েছে। তাদের সঙ্গেই ছবি ওয়েব সাইটে পাঠিয়ে দেওয়া হবে ওই সংস্থাকে। যদিও ওই দেশের সংস্থা এই আয়োজনকারীদের কোনও পুরস্কার দেবে না বলেও জানিয়েছে। তার জায়গায় এই পার্কগুলির যে ছবি তাদের কাছে পাঠানো হবে তা ওয়েবসাইটে তুলে দেবে ওই সংস্থা। এর ফলে আগামী দিনে বিশ্বমানের পার্ক সম্বন্ধে যে কোনও মানুষ তার সার্চ ইঞ্জিনে খোঁজার চেষ্টা করলে সেখানে ইকো পার্ককে খুঁজে পাবেন। তার সঙ্গেই নিউটাউন সম্বন্ধে যে লেখা রাজ্য সংস্থা হিডকোর পক্ষ থেকে পাঠানো হয়েছে তার সম্বন্ধেও জানতে পারবেন বিশ্ববাসী। প্রসঙ্গত, বিশ্বের অনেক পুঁজিপতিরাই এখন চেষ্টা করছেন এমন জায়গায় তারা তাদের লগ্নি করবেন যেখানে সেই সংস্থার কর্মীদের বিনোদনে পর্যাপ্ত ব্যবস্থা থাকে। সেই দিক থেকে দেখতে গেলে নিউটাউনে বিদেশি লগ্নি টানতে খুব বেশি বেগ পেতে হবে না রাজ্যকে। কারণ এখানে শিল্পের জন্য যেমন আলাদা ব্যবস্থা করা হয়েছে জমির তার পাশাপাশি বিনোদনেরও ব্যবস্থা করা হয়েছে। যেখানে বাংলার সংস্কৃতিকে তুলে ধরার জন্য রবীন্দ্র তীর্থ থেকে শুরু করে নজরুল তীর্থ গড়ে তোলা হয়েছে। আবার তার পাশেই গড়ে তোলার কাজ শুরু করা হয়েছে। সেই কারণে এবার এই এলাকায় লগ্নি টানতে এর বাণিজ্যিক করণের চেষ্টা শুরু করল হিডকো। এই বিষয়ে হিডকো চেয়ারম্যান দেবাশিস সেন জানিয়েছেন, 'আমরা রাজ্যের নির্দেশ মেনেই এই নিউটাউনকে বিশ্বের দরবারে তুলে ধরে লগ্নি আনার কাজ শুরু করেছি। তারই একটি পদক্ষেপ হিসাবে এই ওয়ার্ল্ড আরবান পার্ক উইক পালন করে নিউটাউনের প্রচারের এক ব্যবস্থা করে দেওয়া হয়েছে।

ডেন্টাল কলেজ ছাত্রীর অস্বাভাবিক মৃত্যু

স্টাফ রিপোর্টার: হোস্টেল থেকে ঝুলন্ত অবস্থায় উদ্ধার আর আহমেদ ডেন্টাল কলেজের ছাত্রী। মৃতার নাম অঙ্কিতা সরকার। মৌলালির আর আহমেদ ডেন্টাল কলেজের চতুর্থ বর্ষের এই ছাত্রী থাকতেন গোলপার্কের কেয়াতলা রোডের গার্লস হোস্টেলে। রবিবার বেলা ১ টা পর্যন্ত দরজা খুলতে না দেখে সন্দেহ হয় হোস্টেলের অন্যান্য আবাসিকদের। দরজা ধাক্কাধাক্কিতেও কোনও সাড়া না পাওয়ায় খবর দেওয়া হয় লেক থানায়। পুলিশ এসে দরজা ভেঙে ঝুলন্ত দেহ উদ্ধার করে। প্রাথমিকভাবে আত্মহত্যার ঘটনা বলেই মনে করছে পুলিশ। তবে কী কারণে এই আত্মহত্যা তার তদন্ত শুরু করেছে পুলিশ।

ঝড়-বৃষ্টির পূর্বাভাস আবহওয়া দফতরের

স্টাফরিপোর্টার: ঝড়-বৃষ্টির পূর্বাভাস দিল আলিপুর আবহাওয়া দফতর। ঝাড়খণ্ডের উপর তৈরি হওয়া ঘূর্ণাবর্তের জেরেই কলকাতা সহ দক্ষিণবঙ্গেরবিভিন্নজেলায়ঝড়-বৃষ্টির সম্ভাবনা দেখা দিয়েছে বলে জানিয়েছে হাওয়া অফিস। রবিবার সন্ধ্যেয় পশ্চিম বর্ধমান, বীরভূম ও পুরুলিয়া থেকে ঝড়-বৃষ্টির খবর মেলে। আজ কলকাতা সহ বাঁকুড়া, মুর্শিদাবাদপ্রভৃতি জেলায়বৃষ্টিহতে পারে।

এমপি বিড়লা স্মারক কোষের উদ্যোগে সম্প্রতি এক আন্তঃস্কুল দাবা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল সাউথ পয়েন্ট হাইস্কুলে। প্রতিযোগিতায় মেয়েদের বিভাগে জয়ী লক্ষ্মীপত সিঙ্ঘানিয়া অ্যাকাডেমি এবং ছেলেদের বিভাগে জয়ী সাউথ পয়েন্ট হাই স্কুলের পড়ুয়াদের হাতে পুরস্কার তুলে দেন গ্র্যান্ড মাস্টার নিশা মোহতা।